দৈনিক ইনকিলাব

তারিখ 9 OCT 1994 … …
পৃষ্ঠা … 1 … কলাম … 5 …

27

# এসএসসি পরীক্ষার খাতা পুনঃ নিরীক্ষণ নিয়ে জটিলতা

।। স্টাফ রিপোর্টার ।।

ঢাকা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের অধীনে চলতি বছর অনুষ্ঠিত এসএসসি পরীক্ষার খাতা পুনঃ নিরীক্ষণ নিয়ে জটিলতা সৃষ্টি হয়েছে। পুনঃ নিরীক্ষণের আবেদনপত্র জমাদানের ব্যাপারে এই জটিলতা সৃষ্টি হয়েছে। চলতি সালের এসএসসি পরীক্ষার ফল প্রকাশিত হয় গত

১১-এর পৃঃ ২-এর কঃ দেখুন

## এসএসসি পরীক্ষার খাতা

প্রথম পৃষ্ঠার পর

২৫ আগস্ট। নগরীর স্কুলসমূহে ৩০ সেপ্টেম্বর বা তারও পরে এবং বাইরের স্কুলসমূহে ২/৩ অক্টোবর মার্কসীট পৌঁছে। মার্কসীট জানতে পেরেই কেবল একজন ছাত্র তার উত্তরপত্র পুনঃ নিরীক্ষার. জন্য কর্তৃপক্ষের কাছে আবেদন জানাতে পারেন অথবা নাও করতে পারেন। কর্তৃপক্ষ ১৫ অক্টোবর পুনঃ নিরীক্ষার জন্য আবেদনের শেষ তারিখ নির্ধারণ করেছেন। প্রচলিত নিয়ম অনুযায়ী ফল প্রকাশের ৩০ দিনের মধ্যে পুনঃ নিরীক্ষার আবেদনপত্র গ্রহণ কর হয়। কিন্তু ২৫ আগস্ট ফল প্রকাশিত হলেও মার্কসীট পৌঁছেছে ৩০ সেপ্টেম্বর। সেই হিসেবে ৩০ দিন পূরণ হয় না। তদুপরি পুনঃ নিরীক্ষার আবেদনপত্র ১৫ অক্টোবর পর্যন্ত গ্রহণ করা হবে এ খবর গণমাধ্যমসমূহে প্রচার করা হয়নি। ফলে অনেকেই জানতে পারেননি বিষয়টি। তদুপরি মার্কসীট প্রাপ্তির তারিখ ৩০ দিন পূর্ণ হবে ৩০ অক্টোবর। তাই পুনঃ নিরীক্ষণের দরখাস্ত গ্রহণের শেষ তারিখ ৩০ অক্টোবর হওয়াই যৌক্তিক। এ ব্যাপারে জটিলতা নিরসনে বোর্ড কর্তৃপক্ষ বাস্তব পদক্ষেপ গ্রহণ করবেন এটাই ভুক্তভোগীদের একান্ত কাম্য।